সংযুক্তি ৩০১ (বিধি ১৩ দ্রষ্টব্য)

ইনডেমনিটি বন্ড

(গভীর ভিত্তি, পাইলিং ও বেসমেন্ট এর জন্য)

এই ইনডেমনিটি বন্ড <mark>ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেড, ঠিকানাঃ ৬৪/৩, লেক সার্কাস(২য় তলা), মিরপুর রোড,
ঢাকা-১২১৫ কর্তৃক বিসি কমিটি গাজীপুর বরাবর সম্পাদিত।</mark>

জমির অবস্থানঃ

ক। সিটি কর্পোরেশন/পৌরসভা/গ্রাম/মহল্লা/উন্নয়নকৃত : বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর

এলাকার নাম

খ। সি এস দাগ/প্লট নং : <mark>প্লট- ১০</mark>

গ। সিট/ব্লক নং : <mark>ব্লক- ০৪</mark>

ঘ। জমির পরিমাণ : <mark>৩৮৯৪ বর্গ মিটার</mark>

যেহেতু সম্পাদনকারী বিসি কমিটি গাজীপুর বরাবরে উল্লেখিত জমিতে ভিত্তি/পাইলিং/বেসমেন্ট অনুমোদনের জন্য একটি প্ল্যান দাখিল করিয়াছেন এবং যেহেতু বিসি কমিটি গাজীপুর পূর্বে বর্ণিত গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষে অনুমোদনের জন্য সম্মত হইয়াছেন, সেহেতু মালিক স্বত্তাধিকারী উত্তমরূপে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণ সংলগ্ন ভূমির কোন ক্ষয়ক্ষতি হইলে সেই সম্পর্কে বিসি কমিটি গাজীপুরকে দায়মুক্তি (ইনডেমনিটি) প্রদানের নিমিত্তে এই বন্ড প্রদান করিয়াছেন এবং যেহেতু সম্পাদনকারী এই মর্মে এই ইনডেমনিটি বন্ড সম্পাদন করিতে সম্মত হইয়াছেন যে, গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের অনুমোদন কালে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে সকল শর্তাদি আরোপ করিবে তাহা সম্পাদনকারী মানিয়া চলিবে। এক্ষণে উপস্থিত সাক্ষীদের সম্মুখে অঙ্গীকারনামা সম্পাদন করা হইলঃ

পাতা-০২

- ১। গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের জন্য ভূমির স্বত্তাধিকারীর নকশাসমূহের অনুমোদনের বিবেচনায় সম্পাদনকারী এইভাবে দায়িত্বভার পালন করিবেন যে, সকল সময়ের জন্য কর্তৃপক্ষকে নির্দোষ এবং যে কোন ধরনের ক্ষতিসাধন কিংবা দায়বদ্ধতা হইতে মুক্ত রাখিবে। উহার ভিত্তিতে খননের সময় হোক বা নির্মাণ কালে অথবা উক্ত নির্মাণের পরেই হোক না কেন, সংলগ্ধ সম্পত্তিতে নির্মাণ বা কোন ব্যাক্তিকে যে কোন ধরনের আঘাত বা ক্ষতির কারণ ঘটাইতে পারে বা গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের ঘটনার ফলাফল হিসাবে যাহা ঘটিবে তাহার দায় দায়িত্ব হইতে বিসি কমিটি গাজীপুর মুক্ত থাকিবে।
- ২। স্বত্বাধিকারী এই মর্মে সম্মত আছেন এবং দায় দায়িত্ব নিবেন যে, স্বত্বাধিকারী গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন দানের প্রেক্ষিতে অথবা নির্মাণ কাজের পরিপ্রেক্ষিতে কিংবা স্বত্বাধিকারী কর্তৃক যে উপায়ে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণ কাজ করিতেছেন তাহার পরিপ্রেক্ষিতে বা উক্ত অনুমোদনের পরিণামে সৃষ্ট অবস্থার কারণে কর্তৃপক্ষের বিরুদ্ধে যে কোন ব্যাক্তিবর্গের দাবি উত্থাপনের ঘটনায় সম্পাদনকারী দায়ী হিসেবে গণ্য হইবেন এবং দ্বায়ভার গ্রহণ করিবেন।
- ৩। সম্পাদনকারী এই মর্মে আরো সম্মত এবং দ্বায়িত্ব গ্রহণ করিতে রাজী আছেন যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দায়পূরণের জামানত হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যে কোন পরিমান অর্থ দিতে বাধ্য থাকিবেন, যাহা বিসি কমিটি গাজীপুর কর্তৃক কোন ব্যাক্তিকে ক্ষতিপূরণ বা খেসারত হিসাবে প্রদান করিতে হইবে। গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণ বিষয়ে কোন আইনগত কার্যধারা চালু হইলে সেই আইনগত কার্যধারা বিসি কমিটি গাজীপুর যে পরিমান অর্থ ব্যয় করিবে তাহাও সম্পাদনকারী প্রদান করিতে বাধ্য থাকিবে।
- ৪। সম্পাদনকারী কর্তৃক সম্পাদিত উপর্যুক্ত অঙ্গীকারনামাকে কোনরূপে ক্ষুপ্প না করিয়া সম্পাদনকারী বিসি কমিটি গাজীপুরকে এর বিষয়ে পূর্ণ ক্ষয়ক্ষতি প্রদান করিতে বাধ্য থাকিবে যাহা বিসি কমিটি গাজীপুরকে এই সংক্রান্ত বিষয়ে কোন ব্যাক্তিকে প্রদান করিতে হইবে।

পাতা-০৩

৫। স্বত্বাধিকারী কর্তৃক পুনরায় এই মর্মে সম্মতি প্রদান ও অঙ্গীকার প্রদান করিতেছে যে, এই বন্ড সকল সময়
কার্যকর থাকিবে এবং সম্পাদনকারী সকল সময় ইহাতে বর্ণিত শর্তাদি পালন করিবেন। ইহাতে উপস্থিত সাক্ষীদের
সম্মুখে সম্পাদনকারী বন্ডের মর্ম অবগত হইয়া সেচ্ছায় অদ্য ইং তারিখে অত্র অঙ্গীকারনামায়
স্বাক্ষর করিলেন।
সম্পাদনকারী (Indemnifier)
জামানতকারী/ক্ষতিপূরণকারী
<mark>মোঃ সবুর খান</mark>
ব্যবস্থাপনা পরিচালক

<mark>ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেড</mark>

১। সাক্ষীর স্বাক্ষরঃ

নামঃ

ঠিকানা ও ফোন নম্বরঃ

২। সাক্ষীর স্বাক্ষরঃ

নামঃ

ঠিকানা ও ফোন নম্বরঃ